একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মিশন শাখা
www.ssd.gov.bd

নং ৫৮.০০.০০০০.০১৬.১১.০০১.১৮-২৮ তারিখ: ১৩-০৩-২০১৯ খ্রি:।

বিজ্ঞপ্তি

বিষয় : **সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন মানামা (বাহরাইন) এবং আম্মান (জর্ডান) মিশনের পাসপোর্ট ও ভিসা উইং-এ কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত।**

বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনসাল জেনারেল এর অফিসসমূহে মানামা (বাহরাইন) এবং আম্মান (জর্ডান) মিশনের (পাসপোর্ট ও ভিসা উইং)-এ ০১ (এক) জন ১ম সচিব ও ১ (এক) জন ২য় সচিব এর মোট ০২ (দুই) টি পদে কর্মকর্তা নিয়োগের জন্য সংযুক্ত "জীবন বৃত্তান্ত ছক" মোতাবেক স্বস্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আদেশ জারির তারিখ থেকে স্থায়ীভাবে ০৪ (চার) বছরের জন্য নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে যোগ্য/আগ্রহী কর্মকর্তাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

নং	পদ ও মিশনের নাম	পদের সংখ্যা	আবেদনকারীর যোগ্যতা	কাজের বিবরণ	বেতন স্কেল
১।	প্রথম সচিব মানামা (বাহরাইন)	০১ (এক)	সিনিয়র সহকারী সচিব	বিদেশে অবস্থানরত/বসবাসরত বাংলাদেশি নাগরিকদের মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এবং বাংলাদেশে ভ্রমণে ইচ্ছুক ব্যক্তিদের মেশিন রিডেবল ভিসা (এমআরভি) প্রদান সংক্রান্ত।	টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ নং গ্রেড)
২।	দ্বিতীয় সচিব আম্মান (জর্ডান)	০১ (এক)	সিনিয়র সহকারী সচিব		টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ নং গ্রেড)

শর্তাবলী:

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ১১-০৪-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে "জীবন বৃত্তান্ত ছক" পূরণপূর্বক সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়লিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন করতে হবে। লিখিত আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব (মিশন শাখা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয় (ভবন নং-০৮, কক্ষ নং-১১৮, ২য় তলা) এর নিকট পৌঁছতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনকারীর চাকরি স্থায়ী হতে হবে।

৩। প্রথম সচিব, মানামা (বাহরাইন) এর ক্ষেত্রে ৬ষ্ঠ গ্রেডে অন্তত:পক্ষে ০২ (দুই) বছর চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাগণ/ এবং ২য় সচিব, আম্মান (জর্ডান) এর ক্ষেত্রে ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাগণ আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

৪। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবে না।

৫। যে সকল কর্মকর্তা ইত:পূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবে না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসের সমমর্যাদার পদে যাঁরা ইত:পূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবে না।

৬। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহনকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।

৭। ৬ নং কলামে উল্লেখিত বেতন গ্রেড এর উচ্চতর গ্রেড প্রাপ্ত কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৮। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর প্রত্যায়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৭ নম্বর ক্রমিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারে থাকবে।

(সেখ কামাল হোসেন)
উপসচিব
ফোন নং: ৯৫৪৬৬১৭
mission1@ssd.gov.bd

নং ৫৮.০০.০০০০.০১৬.১১.০০১.১৮-২৮ তারিখ: ১৩/০৩/২০১৯ খ্রিঃ।

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব........................সকল মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব ....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ) তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।
৭। যুগ্মসচিব..................................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপসচিব....................................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।
১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .... (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।

(সেখ কামাল হোসেন)
উপসচিব
ফোন নং: ৯৫৪৬৬১৭
mission1@ssd.gov.bd